বিশ্বকাপ থেকে খালি হাতে ফিরছেন সালমারা

নারী টি-টোয়েন্টি বিশ্বকাপটা যাচ্ছেতাই গেল বাংলাদেশের। নিজেদের চতুর্থ ও শেষ ম্যাচেও হারের তিক্ত স্বাদ নিলেন তারা। শ্রীলংকার কাছে ৯ উইকেটে হেরেছে সালমা বাহিনী। ফলে বিশ্বকাপ মিশন থেকে খালি হাতে ফিরছেন তারা।

সোমবার ভোরে মেলবোর্নে টসে জিতে প্রথমে ব্যাটিং নেয় বাংলাদেশ। তবে শুরুটা মোটেও ভালো হয়নি তাদের। সূচনালগ্নেই সাজঘরে ফেরেন ওপেনার মুর্শিদা খাতুন। দলীয় ২৪ রানে সানজিদা আর ২৫ রানে আয়শা রহমান একই পথে হাঁটেন। ফলে বিপাকে পড়েন লাল-সবুজ জার্সিধারীরা।

চাপের মুখে দলের হাল ধরেন নিগার সুলতানা জ্যোতি। তবে তাকে উইকেটে সঙ্গ দিতে পারেননি কেউ। দলীয় ৫৬ রানে ফারজানা হক ফিরলে ধ্বংসস্তূপে পরিণত হয় বাংলাদেশ।

এর পর যাওয়া-আসার প্রতিযোগিতায় লিপ্ত হন রুমানা আহমেদ, রিতু মনি ও ফাহিমা খাতুন। তবে একপ্রান্ত আগলে রাখেন নিগার। ব্যাটিং ইনিংসে শেষ বলে রানআউটে কাটা পড়েন তিনি। ফেরার আগে ৪৫ বলে ৫ চারে খেলেন লড়াকু ৩৯ রানের ইনিংস। শেষ পর্যন্ত নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে ৯১ রানে অলআউট হয় বাংলাদেশ।

জবাবে ব্যাট করতে নেমে মাত্র ১ উইকেট হারিয়ে জয়ের বন্দরে নোঙর করে শ্রীলংকা নারী দল। নাহিদা আক্তারের শিকার হয়ে ফেরেন ছামিরা আতাপাত্তু। হাসিনি পেরেরা খেলেন ৫ চারে ৩৯ রানের হার না মানা ইনিংস। আর ১৬ রানে অপরাজিত থাকেন আনুশকা সানজেওয়ানি।

এর আগে ভারতের বিপক্ষে ১৮ রানের হার দিয়ে বিশ্বকাপ যাত্রা করে বাংলাদেশ। ‘এ’ গ্রুপে নিজেদের দ্বিতীয় ম্যাচে অস্ট্রেলিয়ার কাছে ৮৬ রানের বড় ব্যবধানে হারে সালমা বাহিনী। আর তৃতীয় ম্যাচে নিউজিল্যান্ডের কাছে ১৭ রানে পরাজিত হন তারা।

তথ্যসূত্র: ইএসপিএন ক্রিকইনফো।

সৌরভের চরিত্রে অভিনয় করছেন হৃতিক!

সৌরভ গাঙ্গুলীকে নিয়ে বলিউডপাড়ায় আলোচনা তুঙ্গে। শোনা যাচ্ছে, তাকে নিয়ে বায়োপিক নির্মিত হচ্ছে। তার চরিত্রে অভিনয় করতে পারেন হার্টথ্রব হৃতিক রোশন। তিনি ভারতীয় ক্রিকেট কিংবদন্তিরও পছন্দের নায়ক।

সম্প্রতি এ নিয়ে করণ জোহরের সঙ্গে একপ্রস্ত আলাপ হয়েছে সৌরভের বলে গুঞ্জন ছড়িয়েছে। বলিউডের জাঁদরেল নির্মাতার সঙ্গে সাক্ষাতের কথা স্বীকার করেছেন খোদ সৌরভ নিজেই। তবে বায়োপিকের কথা অস্বীকার করেন বর্তমান বিসিসিআই প্রেসিডেন্ট।

মঙ্গলবার ভারতীয় সংবাদমাধ্যমকে সৌরভ বলেন, করণের সঙ্গে আমার মিটিং হয়েছে ঠিকই। তবে সেটি একেবারেই ব্যক্তিগত। আমার বায়োপিক নিয়ে তার সঙ্গে কোনো আলোচনা হয়নি।

তবে সৌরভ যতই অস্বীকার করুন, তার ভক্ত-সমর্থকরা কিন্তু আশাবাদী। সে ক্ষেত্রে তিন মহারথী মহেন্দ্র সিং ধোনি, মোহাম্মদ আজহারউদ্দিন, কপিল দেবের পর সৌরভের লড়াইয়ের কথাও বড় পর্দায় উঠে আসবে।

গেল বছর একতা কাপুরের ডিজিটাল প্ল্যাটফর্মে তৈরি হতে পারে সৌরভের বায়োপিক বলে শোনা গিয়েছিল। তবে পরে অর্থাৎ এখন থেকে মাস দুয়েক আগে ভারতীয় ক্রিকেটের সর্বকালের অন্যতম সেরা অধিনায়ক জানান, বায়োপিক হলে হৃতিকই তার প্রথম পছন্দ। করণ কোন সিদ্ধান্ত নেন এখনই তা-ই দেখার অপেক্ষা।

তথ্যসূত্র: আনন্দবাজার।